# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২২৯. এমন লোকের নিকট দীর্ঘ সময় মেহমান হওয়া যার নিকট মেহমানকে খাওয়ানোর জন্য কিছুই নেই

আবু শুরাই'হ্ খুযা'য়ী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

الضِّيَافَةُ ثَلاَثَةُ أَيَّامٍ ، وَجَائِزَتُهُ يَوْمٌ وَلَيْلَةٌ ، وَلاَ يَحِلُّ لِرَجُلٍ مُسْلِمٍ أَنْ يُقِيْمَ عِنْدَ أَخِيْهِ حَتَّى يُؤْثِمَهُ ، قَالُوْا : يَا رَسُوْلَ اللهِ! وَكَيْفَ يُؤْثِمُهُ ؟ قَالَ : يُقِيْمُ عِنْدَهُ ، وَلاَ شَيْءَ لَهُ يَقْرِيْهِ بِهِ

"মেহমানদারি তিন দিন পর্যন্ত। তবে মেহমানের পুরস্কার হচ্ছে এক দিন ও এক রাত। কোন মোসলমানের জন্য জায়িয হবে না তার অন্য কোন মোসলমান ভাইয়ের নিকট মেহমান হিসেবে এতক্ষণ পর্যন্ত অবস্থান করা যাতে সে গুনাহ্গার হতে বাধ্য হয়। সাহাবাগণ বললেন: কিভাবে সে অন্যকে গুনাহ্গার হতে বাধ্য করবে ? রাসূল (সা.) বললেন: সে এমন লোকের নিকট মেহমান হিসেবে অবস্থান করবে ; যার নিকট তাকে মেহমানদারি করার মতো কিছুই নেই"।[1]

অন্য বর্ণনায় রয়েছে,

مَنْ كَانَ يُؤْمِنُ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلْيُكْرِمْ ضَيْفَهُ جَائِزَتَهُ ، قَالُوْا : وَمَا جَائِزَتُهُ ؟ يَا رَسُوْلَ اللهِ! قَالَ : يَوْمُهُ وَلَيْلَتُهُ ، وَالضِّيَافَةُ ثَلاَثَةُ أَيَّامٍ ، فَمَا كَانَ وَرَاءَ ذَلِكَ فَهُوَ صَدَقَةٌ عَلَيْهِ

"যে ব্যক্তি আল্লাহ্ তা'আলা ও পরকালে বিশ্বাসী সে যেন তার মেহমানকে তার পুরস্কার পরিমাণ মেহমানদারি করে। সাহাবাগণ বললেন: হে আল্লাহ্'র রাসূল! তার পুরস্কার পরিমাণ মেহমানদারি কতটুকু ? তিনি বললেন: তা হচ্ছে এক দিন ও এক রাত। তবে তার মেহমানদারি হচ্ছে তিন দিন পর্যন্ত। এরপর যা হবে তা হবে তার উপর সাদাকা মাত্র"।[2]

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ৪৮)

[2] (মুসলিম, হাদীস ৪৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11479

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন